কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৯৭.০২.০০৪.২২.১৩৭৮**

তারিখ: ১৩ পৌষ ১৪২৯ / ২৮ ডিসেম্বর ২০২২

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১০৮-তম সভার কার্যবিবরনী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের চেয়ারম্যান ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: সায়েদুল ইসলাম মহোদয়ের সভাপতিত্বে ২৬/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১০৮-তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ১০৮-তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ইমেইলে প্রেরণ করা হলো)।

২৮.১২.২০২২
**মানিক চন্দ্র কর্মকার**
সহকারী বীজতত্ত্ববিদ
ফোন: ৯৫৪০১২০
E-mail : ast2@moa.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
৩. অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৬. যুগ্মসচিব, (প্রবিধি-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৭. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
৮. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৯. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১০. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১১. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১২. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১৩. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, সাভার, ঢাকা;
১৪. মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর-৫২০০;
১৬. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৭. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৮. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৯. প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
২০. কৃষিবিদ মুহা: আজহারুল ইসলাম, প্রাক্তন সদস্য পরিচালক (বিএডিসি), ১/বি কাশফুল, ৭/২ পশ্চিম হাজীপাড়া, রামপুরা, ঢাকা;
২১. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
২২. জনাব মো: সানোয়ার হোসেন, গ্রাম ও ইউনিয়ন: মহিশমারা, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল, কৃষক প্রতিনিধি-১;
২৩ জনাব মো: বিল্লাল হোসেন, গ্রাম: দক্ষিণ লক্ষ্মীপুর, ব্লক: বাঘারপাড়া পৌরসভা, উপজেলা: বাঘারপাড়া, যশোর, কৃষক প্রতিনিধি-২;
২৪. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, ঢাকা;
২৫. সভাপতি, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি;
২৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা-১০০০;

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয় **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**;
৭। অফিস কপি।

D:\AST-2 File\1. NSB_জাতীয় বীজ বোর্ডের সভা\Letter.docx

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ১০৮-তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মো: সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ২৬ ডিসেম্বর ২০২২
**সময়** : দুপুর ০২.৩০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভাপতি বিজয়ের এই ডিসেম্বর মাসে মহান মুক্তিযুদ্ধের সকল বীর সেনানীসহ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শাহাদাৎবরণকৃত সকল সদস্যবৃন্দ, মুক্তিযুদ্ধে সম্ভ্রম হারানো মা-বোন ও মুক্তিযুদ্ধে শাহাদাবরণকারী সকল শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য মহাপরিচালক, বীজ অনুবিভাগকে আহবান জানালে তিনি সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ১০৭-তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ১০৭-তম সভা ০১.০৩.২০২২ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ০৬/০৩/২০২১ তারিখে ২৩৭ নম্বর স্মারকের মাধ্যমে সকল সদস্যের নিকট পাঠানো হয়। সভার কার্যবিবরণী সংশোধনের বিষয়ে কোনো যুক্তিযুক্ত মতামত না পাওয়ায় কার্যবিবরণীটি নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** জাতীয় বীজ বোর্ডের ১০৭-তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি/সিদ্ধান্ত |
|---|---|---|
| **(২.১) ন্যাশনাল সিড ভিশন-২০৩০ প্রণয়ন** | ন্যাশনাল সিড ভিশন প্রণয়ন কমিটির আবেদন অনুযায়ী ন্যাশনাল সিড ভিশন-২০৩০ প্রণয়নের সময়সীমা এপ্রিল, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি-এর প্রতিনিধি সভায় জানান, গত ১৬.০৮.২০২২ তারিখে বিএআরসি'তে অনুষ্ঠিত কর্মশালায় ন্যাশনাল সিড ভিশন-২০৩০ এর ১৭৬ পাতার একটি খসড়া উপস্থাপিত হয়। খসড়াটি যাচাই বাছাই করে চুড়ান্ত করার জন্য ৮ সদস্যের ১টি সাবকমিটি গঠন করা হয়েছে। সাবকমিটি খসড়াটি চুড়ান্ত করলে কারিগরি কমিটির সুপারিশ নিয়ে জাতীয় বীজ বোর্ডে প্রেরণ করা হবে।<br><br>**সিদ্ধান্ত :** (১) সময়োপযোগী ও হালনাগাদ ন্যাশনাল সিড ভিশন-২০৩০ প্রণয়নে গঠিত কমিটিকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) বিষয়টি সময়সাপেক্ষ বিধায় জাতীয় বীজ বোর্ডে ন্যাশনাল সিড ভিশন-২০৩০ এর খসড়া প্রস্তাব প্রাপ্তির পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। |

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি/সিদ্ধান্ত |
|---|---|---|
| (২.২) পাটবীজ আমদানি | (১) ডিএই'র চাহিদা অনুযায়ী আসন্ন ২০২১-২২ উৎপাদন মৌসুমে ৪,০০০ মে.টন তোষা পাট বীজ এবং ৮০০ মে.টন মেস্তা/কেনাফ বীজ বেসরকারি প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে আমদানির সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ২০০ মে.টন কেনাফ বীজ বিএডিসি'র মাধ্যমে আমদানির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br><br>(২) কৃষকের মাঝে পাট উৎপাদনে আগ্রহ সৃষ্টি ও আমাদের দেশে বিজেআরআই তোষা পাট৮ (রবি পাট-১) এর জনপ্রিয়তা বৃদ্ধির লক্ষ্যে বিএডিসি মাধ্যমে উৎপাদিত তোষা পাট বিজেআরআই তোষা পাট৮ (রবি পাট১) ৪০০মে.টন এবং ডিএই'র চাষি পর্যায়ে উৎপাদিত বিএডিসি পাট-১ জাতের ৪০০মে.টন ডিএই'র মাধ্যমে কৃষি প্রণোদনায় বিতরণ করবে। | (১) গত মৌসুমে ৪,০০০মে.টন আমদানি অনুমোদনের বিপরীতে ৩৪৭৯ মে.টন জেআরও-৫২৪ তোষা পাট বীজ আমদানি হয়েছে এবং ৮০০মে.টন আমদানি অনুমোদনের বিপরীতে ৪৯৭মে.টন মেস্তা/কেনাফ বীজ আমদানি হয়েছে।<br><br>(২) গত মৌসুমে বিএডিসি-এর মাধ্যমে উৎপাদিত তোষা পাট বিজেআরআই তোষা পাট৮ (রবি পাট১) ৪০০মে.টন ডিহিউমিডিফাইড গুদামে রয়েছে যা চলতি মৌসুমে বিতরণ করা হবে। |

**আলোচ্য বিষয় ৩। আউশ মৌসুমে চাষাবাদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের ৩টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ২০২০-২১ ও ২০২১-২২ আউশ মৌসুমে ট্রায়ালকৃত ৪টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেক জাত (ব্রি ধান৪৮)-এর চেয়ে ২০% হেটোরোসিস বেশী হাওয়ায় ৩টি জাত (এসিআই হাইব্রিড ধান১৪, এসিআই হাইব্রিড ধান১৫ ও মাহিকো হাইব্রিড ধান৬) আঞ্চলভিত্তিক চাষাবাদের উদ্দেশ্যে সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। (১) এসিআই লিমিটেড প্রস্তাবিত এসিআই হাইব্রিড ধান১৪ (Qyou6) জাতটির উৎস চীন। জাতটির হেক্টর প্রতি ফলন ৬.১৩ মে.টন, জীবনকাল ১২১ দিন, জাতটির ধানের দানা মোটা; চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আউশ মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। (২) এসিআই লিমিটেড প্রস্তাবিত এসিআই হাইব্রিড ধান১৫ (AH3) জাতটি নিজস্ব উদ্ভাবিত। জাতটির হেক্টর প্রতি ফলন ৬.০৬ মে.টন, জীবনকাল ১২০ দিন, জাতটির ধানের দানা লম্বা চিকন; চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আউশ মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। (৩) মাহিকো বাংলাদেশ প্রাইভেট লিমিটেড প্রস্তাবিত মাহিকো হাইব্রিড ধান৬ (RXEL-35) জাতটির উৎস ভারত। জাতটির হেক্টর প্রতি ফলন ৫.৯৫ মে.টন, জীবনকাল ১২১ দিন, জাতটির ধান মাঝারী মোটা; চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আউশ মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>সভাপতি সভায় বলেন যে, প্রস্তাবিত জাতগুলোর জীবনকাল চেকজাতের জীবনকালের তুলনায় প্রায় ১০দিন বেশি এর প্রভাব আলোচনা করা যেতে পারে। আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, ব্রি সভায় জানান প্রস্তাবিত জাতগুলোর আগস্টের মাঝামাঝি বা এর পরেও যেতে পারে সেক্ষেত্রে আমন চাষাবাদ বিঘ্নিত হবে। ব্রি উদ্ভাবিত আউশ মৌসুমে চাষাবাদ উপযোগি ব্রি হাইব্রিড ধান৭ এর গড় ফলন ৬.৫ মে.টন এবং জীবনকাল ১০৫দিন। প্রস্তাবিত | (১) কারিগরি কমিটি সুপারিশকৃত আউশ মৌসুমের ৩টি হাইব্রিড ধানের জাত (১) এসিআই হাইব্রিড ধান১৪ (Qyou6) (২) এসিআই হাইব্রিড ধান১৫ (AH3) এবং (৩) মাহিকো হাইব্রিড ধান৬ (RXEL-35) চট্টগ্রাম ও খুলনা অঞ্চলে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br><br>(২) কোন স্টেশনে ফলন খুব কম হওয়ার যথাযথ কারণ; অনস্টেশন ও অনফার্ম এর অধিকমাত্রায় ফলন পার্থক্যের কারণ; এবং রংপুর অঞ্চলে চাষাবাদের জন্য সুপারিশ যুক্তিযুক্ত হবে কিনা তা ব্যাখ্যা করে পুনরায় জাতীয় বোর্ডে প্রেরণের জন্য কারিগরি কমিটিকে অনুরোধ করা হলো। |

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| জাতগুলোর সাথে চেক জাত হিসেবে ব্রি ধান৪৮ গড়ফলন দেখানো হয়েছে ৪.৪১ মে.টন যা এ জাতের স্বাভাবিক গড় ফলনের চেয়ে কম। আমরা চেকজাতের ফলন কম ধরে জাত নিবন্ধন করলে ফসল উৎপাদনে এর প্রভাব পড়বে। বীজ প্রত্যয়ন এজেন্সির অতিরিক্ত পরিচালক, মাঠ প্রশাসন সভায় বলেন যে, চেক জাতের ১২টি স্থানের ফলনের গড় ফলন এখানে প্রদর্শন করা হয়েছে। ৭ সদস্যবিশিষ্ট কমিটি রয়েছে। বরিশালে অনস্টেশনে ফলন শূণ্য হয়েছে। সভাপতি বলেন অনস্টেশন ও অনফার্ম এর ফলন পার্থক্যের কারণ এখানে ব্যাখ্যা করা নাই। ফলন যেখানে কম হয়েছে সেখানে তার কারণ ব্যাখ্যা করে দিতে হবে। মহাপরিচালক, বিনা সভায় বলেন যে, একই জীবনকাল সম্পন্ন চেকজাত নির্বাচন করা প্রয়োজন ছিল। প্রতি অঞ্চলে ফলন আলাদা হয় কিন্তু গড় ফলন হিসাব করে হেটারোসিস মূল্যায়ন যথার্থ হবে না। রংপুর অঞ্চলে শীতকাল তুলনামূলক দ্রুত চলে আসে সেখানে ১২১দিনের জাত সম্প্রসারণ করলে সেখানে আমন চাষাবাদ করে অন্য একটি ফসল অবাদ করা চ্যালেঞ্জ হয়ে যাবে। বীজ বিশেষজ্ঞ জনাব মুহা: আজহারুল ইসলাম বলেন যে, রংপুর অঞ্চলকে বাদ দিয়ে অন্যান্য অঞ্চলে জাতগুলো নিবন্ধনের সুপারিশ করা যেতে পারে। | |

**আলোচ্য বিষয় ৪। আমন মৌসুমে চাষাবাদের জন্য বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ৭টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ট্রায়ালের ফলাফলে চেক জাত (ব্রি হাইব্রিড ধান৬) এর চেয়ে ৫% হেটারোসিস বেশি হওয়ায় -২টি জাত (১) মাহিকো হাইব্রিড ধান৭ (২) সিনজেনটা হাইব্রিড ধান৯ অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য এবং (৩) মাহিকো হাইব্রিড ধান৮ (৪) ব্র্যাক হাইব্রিড ধান২০ (৫) এসিআই হাইব্রিড ধান১৬ (৬) অস-বাংলা হাইব্রিড ধান১ (৭) সুপ্রীম হাইব্রিড ধান১৪ সারাদেশে চাষাবাদের জন্য আমন মৌসুমে সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। ফলন, অ্যামাইলোজ এর পরিমাণ ও চাল সরু বিবেচনায় ৭টি জাতের মধ্যে ৪টি জাত নিবন্ধনের জন্য সভায় সকলে মতামত প্রদান করেন। যথা:<br>(১) ব্র্যাক প্রস্তাবিত ব্র্যাক হাইব্রিড ধান২০ (BHR085) (Shakti04) জাতটি ব্র্যাকের নিজস্ব উদ্ভাবিত। জাতটির ফলন ৬.০৮ মে.টন, জীবনকাল ১১৫দিন, জাতটির ডিগপাতা চওড়া ও শীষ উপরের দিকে থাকে; চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br><br>(২) এসিআই লিমিটেড প্রস্তাবিত এসিআই হাইব্রিড ধান১৬ (Minishail 1) জাতটি নিজস্ব উদ্ভাবিত। জাতটির ফলন ৬.০৬ মে.টন, জীবনকাল ১১৮দিন, জাতটির চাল চিকন; চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(৩) মাহিকো বাংলাদেশ প্রাইভেট লিমিটেড প্রস্তাবিত মাহিকো হাইব্রিড ধান৮ (MRP-5409) জাতটির উৎস ভারত। জাতটির ফলন ৬.১৪ মে.টন, জীবনকাল ১২২দিন, জাতটির চাল মোটা; চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি | কারিগরি কমিটি সুপারিশকৃত আমন মৌসুমের ৪টি হাইব্রিড ধানের জাত (১) ব্র্যাক হাইব্রিড ধান২০ (BHR085) (Shakti04) (২) এসিআই হাইব্রিড ধান১৬ (Minishail 1) (৩) মাহিকো হাইব্রিড ধান৮ (MRP-5409) এবং (৪) সুপ্রীম হাইব্রিড ধান১৪ (Heera29) (SHD-9544) সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো। |

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(৪) সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড প্রস্তাবিত সুপ্রীম হাইব্রিড ধান১৪ (Heera29) (SHD-9544) জাতটি নিজস্ব উদ্ভাবিত। জাতটির ফলন ৫.৭৭ মে.টন, জীবনকাল ১২২দিন, জাতটির ফ্লাগলিফ খাড়া ও সবুজ, চাল চিকন; চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | |

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত আমন মৌসুমের ১টি ধানের জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| BRRI dhan29 এর সাথে FL378 এর সংকরায়ণ এবং পরবর্তীতে Anther Culture করে BR(Bio)8961-AC26-16 কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক উদ্ভাবন করা হয়েছে। হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ব্রি পরপর ৩ বছর ফলন পরীক্ষা করে এবং পরবর্তীতে বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ট্রায়াল সম্পন্ন করে। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) টেস্ট সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ৬টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান৮৭ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে। জাত নিবন্ধনের শর্ত অনুযায়ী প্রস্তাবিত জাতটি চেক জাতের চেয়ে ৬টি অঞ্চলে ফলন ১০% এর বেশী হয়েছে। ট্রায়ালকৃত ১০ টি স্থানে হেক্টর প্রতি গড় ফলন ৬.১৯ মে.টন ও জীবনকাল ১৩২ দিন; পাতা হালকা সবুজ, ডিগ পাতা খাড়া; পাকার সময় কান্ড এবং পাতা সবুজ থাকে; ধানের দানার রং খড়ের মত; চেকজাত ব্রি ধান৮৭ এর চেয়ে লম্বা; গড় উচ্চতা ১২৫ সেমি; জীবন কাল ১২৮-১৩১ দিন; দানা লম্বা ও চিকন; ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.৭ গ্রাম; অ্যামাইলোজের পরিমাণ ২৪%। ব্রি কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারিটি BR(Bio)8961-AC26-16 আমন মৌসুমে ব্রি ধান১০৩ হিসেবে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারি BR(Bio)8961-AC26-16 আমন মৌসুমে ব্রি ধান১০৩ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৬। বোরো মৌসুমে চাষাবাদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের ১১টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন;**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ট্রায়ালের ফলাফলে চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% হেটারোসিস বেশী হওয়ায় ৭টি জাত (১) অস-বাংলা হাইব্রিড ধান২ (২) সুগন্ধা হাইব্রিড ধান১, (৩) এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান২, (৪) ব্রি হাইব্রিড ধান৮, (৫) থ্রি এস হাইব্রিড ধান৩, (৬) থ্রি এস হাইব্রিড ধান৪, (৭) সুপ্রিম হাইব্রিড ধান১৫ অঞ্চলভিত্তিক এবং ৪টি জাত (৮) ব্র্যাক হাইব্রিড ধান২১, (৯) ফার্মার্স হাইব্রিড ধান১, (১০) তিনপাতা হাইব্রিড ধান৬, (১১) অ্যামেরিকান এ্যডভান্সড এগ্রো হাইব্রিড ধান১ সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। ফলন, অ্যামাইলোজ এর পরিমাণ ও চাল সরু বিবেচনায় ১১টি জাতের মধ্যে ৭টি জাত নিবন্ধনের জন্য সভায় ঐকমত্য পোষণ করা হয়। যথা:<br>(১) এসিআই এগ্রোলিংক লিমিটেড প্রস্তাবিত এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান২ | (১) কারিগরি কমিটি সুপারিশকৃত বোরো মৌসুমের ৫টি হাইব্রিড ধানের জাত এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান২ (Q58) (চট্টগ্রাম, খুলনা, ও রংপুর অঞ্চলে); ব্রি হাইব্রিড ধান৮ (ঢাকা, চট্টগ্রাম ও রংপুর অঞ্চলে); থ্রি এস এগ্রো হাইব্রিড ধান৩ (C UU DA HE SO1) (ঢাকা, চট্টগ্রাম ও রংপুর অঞ্চলে); থ্রি এস এগ্রো হাইব্রিড ধান৪ (C UU 2009) (চট্টগ্রাম, খুলনা ও রংপুর অঞ্চলে); সুপ্রিম হাইব্রিড ধান১৫ (Heera 15) (PAN 8385) (ঢাকা, চট্টগ্রাম ও খুলনা অঞ্চলে) অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত |

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| (Q58) জাতটির উৎস চীন। জাতটির ফলন ৯.০১ মে.টন, জীবনকাল ১৪২দিন, জাতটির দানা মোটা; চট্টগ্রাম, খুলনা, ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(২) ফার্মার্স সীড কোম্পানী লিমিটেড প্রস্তাবিত ফার্মার্স হাইব্রিড ধান১ (Xiangyou-98) জাতটির উৎস চীন। জাতটির ফলন ৯.৪২ মে.টন, জীবনকাল ১৪২দিন, জাতটির চাল মাঝারি মোটা; ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৪টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(৩) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) প্রস্তাবিত ব্রি হাইব্রিড ধান৮ জাতটি ব্রি নিজস্ব উদ্ভাবিত। জাতটির ফলন ৯.৪৮ মে.টন, জীবনকাল ১৪৫দিন, জাতটির চাল লম্বা ও চিকন; জাতটি ঢাকা, চট্টগ্রাম ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(৪) থ্রি এস এগ্রো সার্ভিসেস লিমিটেড প্রস্তাবিত থ্রি এস এগ্রো হাইব্রিড ধান৩ (C UU DA HE SO1) জাতটির উৎস চীন। জাতটির ফলন ৯.১৪ মে.টন, জীবনকাল ১৪৫দিন, জাতটির চাল মোটা; জাতটি চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(৫) থ্রি এস এগ্রো সার্ভিসেস লিমিটেড প্রস্তাবিত থ্রি এস এগ্রো হাইব্রিড ধান৪ (C UU 2009) জাতটির উৎস চীন। জাতটির ফলন ৯.০৮ মে.টন, জীবনকাল ১৪২দিন, জাতটির চাল মোটা; জাতটি চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(৬) সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড প্রস্তাবিত সুপ্রিম হাইব্রিড ধান১৫ (Heera 15) (PAN 8385) জাতটির উৎস ভারত। জাতটির ফলন ৮.৮১ মে.টন, জীবনকাল ১৩৮দিন, জাতটির চাল চিকন; জাতটি ঢাকা, চট্টগ্রাম ও খুলনা এই ৩টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>(৭) অ্যামেরিকান এ্যাডভান্সড এগ্রো লিমিটেড প্রস্তাবিত অ্যামেরিকান এ্যাডভান্সড এগ্রো হাইব্রিড ধান১ জাতটির উৎস চীন। জাতটির ফলন ৮.৮১ মে.টন, জীবনকাল ১৪৪দিন, জাতটির চাল চিকন ও ধানের ছড়া বড়; চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর এই ৪টি অঞ্চলের নিবন্ধনের জন্য মাঠমূল্যায়ন দল সুপারিশ করেছে। জাতটি বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | সাময়িকভাবে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br>**(২)** কারিগরি কমিটি সুপারিশকৃত বোরো মৌসুমের ২টি হাইব্রিড ধানের জাত ফার্মার্স হাইব্রিড ধান১ (Xiangyou-98); ও অ্যামেরিকান এ্যাডভান্সড এগ্রো হাইব্রিড ধান১ সারাদেশে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br>(৩) অঞ্চলভিত্তিক নিবন্ধিত জাতগুলো নির্দিষ্ট অঞ্চলে চাষাবাদের বিষয়টি বীজ প্রত্যয়ন এজেন্সি যথাযথভাবে তদারকি করবে। |

**আলোচ্য বিষয় ৭। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত বোরো মৌসুমের ১টি ধানের জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| BR8862-29-1-5-1-3 (ব্রি ধান১০৪): ব্রি ধান১০৪ এর কৌলিক সারি বিআর৮৮৬২-২৯-১-৫-১-৩। উক্ত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) তে ২০০৭ সালে আইআর৭৪০৫২-২১৭-৩-৩ এর সাথে বিআর৭১৫০-১১-৭-৪-২-১৬ এর সংকরায়ণ করে এবং পরবর্তীতে বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত হয়। ব্রি, গাজীপুরের গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারিটি নির্বাচন করা হয় এবং পরবর্তীতে নির্বাচিত হোমোজাইগাস কৌলিক সারিটি ০৫ বৎসর ফলন পরীক্ষার পর ২০১৮ সালে ব্রি'র আঞ্চলিক কার্যালয় সমূহের গবেষণা মাঠে ও ২০১৯ সালে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity এবং Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Penultimate leaf: pubescence of blade, Flag leaf: attitude of blade, Culm: length, Panicle: exertion, Grain: wt of 1000 fully developed grain (at 12%) এবং Decorticated grain: aroma এই ৬টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরূপ জাত ব্রি ধান৫০ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির হেক্টর প্রতি গড় ফলন ৭.২৯ মে.টন ও জীবনকাল ১৪৭দিন। এ জাতের ডিগপাতা খাড়া। ব্রি ধান৫০ এর চেয়ে প্রস্তাবিত জাতটিতে বেশী এ্যারোমা বিদ্যমান। প্রস্তাবিত জাতটির চালের আকৃতি লম্বা ও চিকন (৭.৬৮ মিলি.মি)। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২২.৫২ গ্রাম, প্রোটিনের পরিমান ৮.৯% ও এ্যামাইলোজের পরিমান ২৯.২%। সুগন্ধি, প্রিমিয়াম কোয়ালিটি। ব্রি কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারি BR8862-29-1-5-1-3 বোরো মৌসুমে ব্রি ধান১০৪ হিসেবে ছাড়করণ করার জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারি BR8862-29-1-5-1-3 বোরো মৌসুমে ব্রি ধান১০৪ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৮। বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ০১টি গম ফসলের জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| গমের BAW1290 কৌলিক সারি বারি গম২১ (Shatabdi) এবং নেপালী লাইন BL 3503 এর মধ্যে সংকরায়ন করে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট জাতটি উদ্ভাবন করেছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity এবং Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে বারি গম২৮ হতে Glaucosity:spike, Glaucosity:culm, Lower glume:beak length, Lower glume:shoulder shape, Spike length এই ৫টি স্বাতন্ত্র্য বৈশিষ্ট্যে পাওয়া গিয়েছে। জাত মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪.২২ টন/হেক্টর এবং জীবনকাল ১০৪দিন। কুশি সংখ্যা ৪-৬ টি ও গাছের উচ্চতা ৯০-১০০ সেন্টিমিটার। ১০০০টি পুষ্ট দানার ওজন গড়ে ৪৮-৫৩ গ্রাম। জাতটি গমের মরিচা রোগ এবং পাতার দাগ রোগ প্রতিরোধী। জাতটি খাটো হওয়ায় সহজে হেলে পড়ে না। প্রস্তাবিত BAW1290 কৌলিক সারিটি বিডাব্লিউএমআরআই গম৪ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত BAW1290 কৌলিক সারিটি বিডাব্লিউএমআরআই গম৪ হিসেবে হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**বিষয় ৯। বেসরকারি প্রতিষ্ঠান এসিআই কর্তৃক প্রস্তাবিত গমের ০২টি জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| **(ক) এসিআই গম১ (ASRBC/0037/1):** ASRBC/0037/1 কৌলিক সারিটি বারি গম২৮ এ Mutation Breeding (EMS: Ethyl Methanesulfonate) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity এবং Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Glaucosity:spike, Glaucosity:flag leaf sheath, Lower glume:beak length, Lower glume:shoulder shape, Lower glume:shoulder width, Awn length এই ৬টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরূপ জাত বারি গম২৫ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে। জাত মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৪.১৯ টন/হেক্টর ও জীবনকাল ১০৭দিন। গাছের উচ্চতা ১০০ থেকে ১০৫ সে.মি. এবং প্রতি গাছে টিলার এর সংখ্যা ৬-৭ টি। এর শীষের দৈর্ঘ্য গড়ে ১৩.৩ সে.মি. । ১০০০টি পুষ্ট দানার ওজন গড়ে ৬৬.০ গ্রাম। এর পাশাপাশি জাতটির গ্লুটেন এর পরিমান ৩২.০২% এবং প্রোটিনের পরিমান ১৩.২%। ASRBC/0037/1 কৌলিক সারিটি এসিআই গম১ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>**খ) এসিআই গম২ (ASRBC/0020/2):** ASRBC/0020/2 কৌলিক সারিটি বারি গম২৮ এ Mutation Breeding (EMS: Ethyl Methanesulfonate) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। প্রস্তাবিত জাতের Distinctness, Uniformity এবং Stability পরীক্ষার জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Glaucosity:culm, Lower glume:beak length, Lower glume:shoulder shape, Lower glume:shoulder width, Awn length এই ৫টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরূপ জাত বারি গম২৫ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে। জাত মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির হেক্টর প্রতি গড় ফলন ৪.৩০ টন ও জীবনকাল ১০৮দিন। গাছের উচ্চতা ৯৫ থেকে ১০০ সে.মি. এবং প্রতি গাছে টিলার এর সংখ্যা ৫-৬ টি। এর শীষের দৈর্ঘ্য গড়ে ১৩.২ সে.মি.। ১০০০ পুষ্ট দানার ওজন গড়ে ৬৪.০ গ্রাম। জাতটির গ্লুটেন এর পরিমান ২৮.৯% এবং প্রোটিনের পরিমান ১২.৯%। ASRBC/0020/2 কৌলিক সারিটি এসিআই গম২ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত ASRBC/0037/1 কৌলিক সারিটি এসিআই গম১ এবং ASRBC/0020/2 কৌলিক সারিটি এসিআই গম২ হিসেবে হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ১০। পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির গাইডলাইন অনুমোদন।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| দেশে পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ জন্য কোনো গাইডলাইন না থাকায় গাইডলাইন প্রণয়ন উপকমিটি পর পর ৩টি সভায় মিলিত হয়ে পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রস্তুত করেছে। সার্বিক দিক বিবেচনা করে কারিগরি কমিটি খসড়া গাইডলাইনটি অনুমোদনের জন্য সুপারিশ করেছে। মহাপরিচালক, বীজ অনুবিভাগ সভায় উল্লেখ করেন যে, পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির গাইডলাইনটি ভালোভাবে বিশ্লেষণ করে অনুমোদন দেয়া প্রয়োজন। এ বিষয়ে জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় আলোচনা করে অনুমোদনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির গাইডলাইনটি পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। |

**আলোচ্য বিষয় ১১। বিদ্যমান ইনব্রিড ধান, গম এবং হাইব্রিড ধান এর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির গাইডলাইন হালনাগাদকরণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বিদ্যমান জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি হালনাগাদ করার জন্য কারিগরি কমিটি কর্তৃক গঠিত উপকমিটি কতিপয় প্রস্তাব করে। কারিগরি কমিটির সভায় আলোচনা করে বিদ্যমান ইনব্রিড ধান, গম এবং হাইব্রিড ধান এর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতিতে উপকমিটির প্রস্তাবসমূহ অন্তর্ভুক্ত করে তা সংশোধনের অনুমোদনের জন্য কারিগরি কমিটি হতে সুপারিশ করা হয়েছে। মহাপরিচালক, বীজ অনুবিভাগ সভায় উল্লেখ করেন যে, গাইডলাইনসমূহ ভালোভাবে বিশ্লেষণ করে অনুমোদন দেয়া প্রয়োজন। এ বিষয়ে জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় আলোচনা করে অনুমোদনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | হালনাগাদকৃত ইনব্রিড ধান-এর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, ইনব্রিড গম-এর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি এবং হাইব্রিড ধান এর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির গাইডলাইন পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। |

**আলোচ্য বিষয় ১২। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) প্রস্তাবিত বোরো ধানের স্থানীয় উন্নত জাত জিরাশাইলকে 'বিএডিসি বাংলা জিরাশাইল ধান' নামে ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ২০১৭-১৮ বর্ষ হতে বিএডিসি রাজশাহী অঞ্চলের একটি স্থানীয় বোরো ধানের জাতকে 'বাংলাজিরা' নামে বীজ উৎপাদন করে চাষি পর্যায়ে সরবরাহ করে আসছে এবং রাজশাহী অঞ্চলে জাতটির চাহিদা সৃষ্টি হয়েছে। বিগত ২০২০-২১ বর্ষে বিএডিসি বাংলাজিরা ধানের ২৪৭ মে.টন বীজ বিতরণ করেছে এবং চলতি মৌসুমে ৫০৫ মে.টন বীজ উৎপাদন করছে। বাংলাজিরা জাতটি জিরাশাইল এর অনুরূপ একটি স্থানীয় উন্নত জাত। বোরো মৌসুমের জাতটির জীবনকাল ১৩০দিন এবং ফলন হেক্টরপ্রতি ৫মে.টন। চাল ব্রি ধান২৮ এর চেয়ে সরু, মাঝারি লম্বা এবং ভাত ঝরঝরে হওয়ায় বাজার মূল্য বেশি। এনএসবি'র ৭৫তম সভায় জিরশাইল জাতটি স্থানীয় উন্নত জাত হিসেবে তালিকাভূক্ত করা হয় এবং সকলের চাষাবাদের জন্য উন্মুক্ত রাখা হয়। এছাড়াও জাতীয় বীজ বোর্ডের সিড প্রমোশন কমিটির ৯৫তম সভায় বাংলাজিরা নামে নিবন্ধনের জন্য বিএডিসি'কে প্রস্তাব প্রেরণের নির্দেশনা দেয়া হয়েছে। বর্ণিত বিষয়ে কারিগরি কমিটি বাংলাজিরা জাতটি জিরাশাইলের অনুরুপ পদ্ধতি অনুসরণ করে Locally Improved Variety হিসেবে রবি মৌসুমে বোরো ধানের জাত হিসেবে তালিকাভুক্ত করার জন্য সুপারিশ করেছে। জাতটি বিএডিসি'র অনুকূলে নিবন্ধনের জন্য বিএডিসি'র প্রতিনিধি অনুরোধ জানান। সভায় ব্রি'র প্রতিনিধি জানান যে, যেহেতু জিরাশাইল একটি Locally Improved Variety বা Land Races এবং জাতটি ধানের জাত উদ্ভাবনের বিভিন্ন ধাপ অনুসরন করে আসেনি তাই জাতটিকে নিবন্ধন দেয় ঠিক হবে না । তবে কৃষকের চাহিদার কথা মাথায় রেখে বিএডিসি যেভাবে উৎপাদন করে চাষি পর্যায়ে উন্নত বীজ সরবরাহ করে আসছে তা চলমান রাখা যেতে পারে বলে তিনি উল্লেখ করেন। সচিব মহোদয়সহ কমিটির সকল সদস্য তার বক্তব্যের সাথে একমত পোষন করেন। বিধায় স্থানীয় জাত জিরাশাইলকে বিএডিসি'র নামে ছাড়করণ না করে কৃষকের চাহিদার কথা মাথায় রেখে বিএডিসি যেভাবে উৎপাদন করে চাষি পর্যায়ে উন্নত বীজ সরবরাহ করে আসছে তা চলমান রাখার বিষয়ে সবাই একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | (১) জিরাশাইল আমাদের দেশের একটি প্রচলিত বা আদিজাত। জাতটি কোনো প্রতিষ্ঠানের অনুকূলে ছাড়করণের সুযোগ নাই।<br><br>(২) জাতটি যেহেতু বিএডিসি বাংলাজিরা নামে বিগত ২০১৭-১৮ সাল থেকে বোরো মৌসুমে বাজারজাত করছে এবং বাংলাজিরা নামটি কৃষক পর্যায়ে পরিচিতি পেয়েছে তাই বিগত বছরগুলোর ন্যায় বিএডিসি বাংলাজিরা নামে বাজারজাত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। |

**আলোচ্য বিষয় ১৩। ভারতীয় পাটের জাত জেআরও-৫২৪ জাতকে 'বিএডিসি পাট১' নামে ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভাপতি সভায় বলেন যে, 'Seed Without Borders' এর আওতায় এক দেশের ফসলের উন্নত জাত অন্যদেশে বৈধভাবে আবাদের সুযোগ রয়েছে। উক্ত প্রটোকলের আওতায় আমাদের দেশের ১০টি ধানের জাত ভারত নিবন্ধন করে চাষাবাদ করছে। কৃষকদের মাঝে জনপ্রিয় ভারতীয় পাটবীজের জাত জেআরও-৫২৪ আমাদের দেশে নিবন্ধন করতে পারি কিনা এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, বিজেআরআই বলেন যে, জেআরও-৫২৪ এর সাথে বিজেআরআই উদ্ভাবিত একটি লাইনের ক্রস করে তোষা পাটের একটি লাইন ও-৪৭৭৯ উন্নয়ন করতে সক্ষম হয়েছি। জাতটির ইতোমধ্যে প্রাইমারি সিলেকশন, এডভান্স ট্রায়াল ও জোনাল ট্রায়াল সম্পন্ন হয়েছে। নতুন উদ্ভাবিত লাইটির জীবনকাল জেআরও-৫২৪ এর অনুরূপ। কিন্তু হেক্টর প্রতি গড় ফলন জেআরও-৫২৪ এর তুলনায় ০.৩মে.টন বেশি। বিএডিসি'র প্রতিনিধি ড. মো: নাজমুল ইসলাম সভায় বলেন, বিজেআরআই উদ্ভাবিত জাত নিঃসন্দেহে ভালো, কিন্তু জেআরও-৫২৪ আমাদের দেশের আবহাওয়া উপযোগি এবং কৃষকদের মাঝে জনপ্রিয় একটি জাত। এই জাতের আরেকটি ভাল বৈশিষ্ট্য হলো ৮০দিন থেকে শুরু করে ১১০ দিনেও কাটা যায়। প্রতি বছর ভারত থেকে জেআরও-৫২৪ জাতের প্রায় ৪,০০০মে.টন বীজ আমদানি করতে হয়। আমাদের দেশে এই জাতটির বীজ উৎপাদন করতে পারলে ভারত হতে বীজ আমদানির নির্ভরতা কমবে। তাছাড়া তিনি দেশে পাটবীজ উৎপাদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনের বিষয়ে সভায় উল্লেখ করেন। সরেজমিন উইং, ডিএই-এর পরিচালক জনাব বাদল চন্দ্র বিশ্বাস বলেন যে, বিগত বছর ৭.৪৪ লক্ষ হেক্টর জমিতে পাটবীজ আবাদ করা হয়েছে তার মধ্যে প্রায় ৫.৫০ লক্ষ হেক্টর জমিতে জেআরও-৫২৪ আবাদ করা হয়েছে। আমাদের ক্রপিং ইন্টেনসিটি বাড়াতে পাট ফসলের পর আমন লাগাতে হলে স্বল্প জীবনকালসম্পন্ন পাটের জাত প্রয়োজন। সে বিবেচনায় জেআরও-৫২৪ আমাদের দেশে নিবন্ধন করা যেতে পারে। সাবেক কৃষি সচিব জনাব আনোয়ার ফারুক সভায় বলেন যে, আমাদের নতুন উদ্ভাবিত জাত কৃষক পর্যায়ে পৌছাতে ৩বছর সময় লাগবে এবং জাতটি যখন মাঠ পর্যায়ে ভাল ফলন দিবে তখন কৃষক চাষাবাদ করবে। জেআরও-৫২৪ ইতোমধ্যে মাঠ পর্যায়ে পরিক্ষীত একটি জাত। আমাদের গবেষণা একটি চলমান বিষয়। জেআরও-৫২৪ এর চাইতে ভালো জাত যখন আসবে তখন এটা কৃষক গ্রহণ করবে। মহাপরিচালক, ব্রি সভায় উল্লেখ করেন, জাতটি আমাদের দেশে নিবন্ধন করে বীজ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। মহাপরিচালক, বিনা বলেন যে, জাত নিবন্ধনের জন্য ভারত সরকারের নিকট অফিসিয়ালি পত্র প্রেরণ করা প্রয়োজন। মহাপরিচালক বীজ অনুবিভাগ সভায় বলেন যে, জাতটি নিবন্ধনের বিষয়ে ভারতের কৃষি মন্ত্রণালয় বরাবর ১টি পত্র প্রেরণ করতে হবে। জেআরও-৫২৪ আমাদের দেশে নিবন্ধনের বিষয়ে সকলেই একমত পোষণ করায় সভাপতি সভায় বলেন যে, জাতটি নিবন্ধনের বিষয়ে আমাদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১) সর্বসম্মতিক্রমে ভারতীয় তোষা পাটের জাত জেআরও-৫২৪ 'Seed Without Borders' এর অধীন ২০১৭ সালে সম্পাদিত 'Siem Reap Protocol of Discussions (POD)'-এর আওতায় বাংলাদেশে নিবন্ধনের লক্ষ্যে ভারতের, Ministry of Agriculture & Farmers' Welfare-এর সচিব বরাবরে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। মহাপরিচালক, বীজ অনুবিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

**আলোচ্য বিষয় ১৪। জেলা বীজ প্রত্যয়ন অফিস, ফরিদপুর-এ মিনিল্যাব চালুর অনুমোদন।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বীজ প্রত্যয়ন এজেন্সীর আওতাধীন বর্তমানে ঢাকা, শেরপুর, ময়মনসিংহ, জামালপুর, রাজবাড়ী, ব্রাহ্মণবাড়িয়া, হবিগঞ্জ, ফেনী, চট্টগ্রাম, কক্সবাজার, যশোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গা, মাগুরা, বরিশাল, বগুড়া, রংপুর, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও, চাপাঁইনবাবগঞ্জ, রাজশাহী ও পাবনা জেলা গুলোতে ২৫টি মিনিল্যাব চালু আছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর চলমান বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরন প্রকল্পের বিদ্যমান ডিপিপি অনুযায়ী জেলা বীজ প্রত্যয়ন অফিস, ফরিদপুর ১টি মিনিল্যাব স্থাপন করা হয়েছে। মিনি ল্যাবটি চালুর অনুমোদন পেলে নিকটবর্তী এলাকার বিভিন্ন বীজ নমুনা ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্প হতে আগত বীজ নমুনা পরীক্ষা সম্ভব হবে। দেশের ও কৃষকের স্বার্থে জেলা বীজ প্রত্যয়ন অফিস, ফরিদপুর এ স্থাপিত মিনিল্যাবটি চালু করার অনুমোদন দেয়ার জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। সভায় আলোচনার প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে মিনিল্যাবটি চালু করার অনুমোদন দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরিদপুর এ স্থাপিত মিনিল্যাবটি চালু করার অনুমোদন দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

**আলোচ্য বিষয় ১৫। আলু ফসলকে অনিয়ন্ত্রিত হিসেবে ঘোষণার বিগত ৩ বছরের ফলাফল পর্যালোচনা ও মূল্যায়ন।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| আলু বীজ পরীক্ষামূলকভাবে অনিয়ন্ত্রিত ফসল হিসেবে ৩ (তিন) বছর অতিক্রান্ত হওয়ার ফলাফল বিশ্লেষণের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র হতে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করা হয়। উপস্থাপনায় নতুন আলুর দুইটি রোগ ও আটটি নতুন পোকার আবির্ভের কথা জানা যায় এবং বারি হতে আলু ফসলকে পুনরায় নিয়ন্ত্রিত ফসল করার অনুরোধ জানানো হয়। বীজ বিশেষজ্ঞ জনাব মুহা: আজহারুল ইসলাম বলেন যে, বারির গবেষণা টি ২০২০ সালের এবং আলুকে ননোনোটিফাইড করা হয় ১৯ সেপ্টেম্বর ২০১৯ সালে বিধায় গবেষণাটি আমদানিকৃত নতুন জাত অপেক্ষা পুরাতন বিদ্যমান জাতগুলো থেকে হওয়ার সম্ভবনা বেশি। বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি'এর প্রতিনিধি জনাব মো: শাহজাহান আলী সভায় জানান আলুবীজ ননোনোটিফাইড করা হয়েছিল তিনটি উদ্দেশ্য নিয়ে যেমন: ১) টেবিল পারপাস আলুর উচ্চফলনশীল নতুন জাত প্রবর্তন করা ২) আলুর রপ্তানি বৃদ্ধির জন্য রপ্তানীমুখী জাত প্রবর্তন করা ৩) উচ্চ ড্রাইমেটার সমৃদ্ধ জাতগুলো প্রবর্তন করা। এই উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য ৩(তিন) বছর অনেক কম সময় বলে তিনি উল্লেখ করেন। সভাপতি সভায় জানান যে, আলুকে অনিয়ন্ত্রিত ফসল হিসেবে ঘোষনার পর কোভিডকালীন সময় অতিক্রান্ত হয়েছে ক্রম করেছি। তাই যে উদ্দেশ্যে আলুকে অনিয়ন্ত্রিত করা হয়েছে তা বাস্তবায়নের জন্য সময় খুব কম পাওয়া গিয়েছে। তিনি আরও ১ বছরের জন্য আলুকে অনিয়ন্ত্রিত রাখা যেতে পারে বলে অভিমত ব্যক্ত করেন। তিনি আরও বলেন স্বল্পমেয়াদী ও উচ্চফলনশীল আলুর জাত প্রবর্তন করা গেলে কম জমিতে অধিক আলু উৎপাদন করা সম্ভব হবে এবং আলু হতে কিছু জমি অন্য ফসলে ব্যবহার করা যাবে। সদস্য পরিচালক, বীজ ও উদ্যান, বিএডিসি সভায় বলেন যে, আলুর জাত ছাড়করণের দীর্ঘসূত্রিতা থেকে বের হয়ে আগাম, রপ্তানি উপযোগী, উচ্চ শুস্কপদার্থ বিশিষ্ট ও উচ্চফলনশীল জাত সহজে ছাড়করণের লক্ষ্যে আলু ফসলকে অনিয়ন্ত্রিত করা হয়। এই উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন হলো কিনা তা যাচাই বাছাইয়ের জন্য তিনি বিএআরসি-এর নেতৃত্বে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) আলু ফসলকে আরও এক বছর (৩১ ডিসেম্বর ২০২৩) পর্যন্ত অনিয়ন্ত্রিত ফসল হিসেবে রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>(২) আলুর জাত ছাড়করণের দীর্ঘসূত্রিতা থেকে বের হয়ে আগাম, রপ্তানি উপযোগী, উচ্চ শুস্কপদার্থ বিশিষ্ট ও উচ্চফলনশীল জাত সহজে ছাড়করণের লক্ষ্যে আলু ফসলকে অনিয়ন্ত্রিত করা হয়। আলু ফসলকে অনিয়ন্ত্রিত করার এই উদ্দেশ্যসমূহ সফল হলো কিনা তা যাচাই বাছাই করার জন্য বিএআরসি'কে একটি কমিটি গঠন করার অনুরোধ করা হলো। কমিটি নব নিবন্ধিত আলু ফসলের ৬৮টি জাত মূল্যায়ন করে একটি প্রতিবেদন আগামী ৬ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। |

**আলোচ্য বিষয় ১৬। বিবিধ আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সিড প্রমোশন কমিটির ১০৩তম সভায় সচিব মহোদয় BWMRI এর গমের জাতগুলোর নামকরণ WMRI এর পরিবর্তে BWMRI করার নির্দেশনা দেন। এ প্রেক্ষিতে প্রস্তাবটি সভায় উপস্থাপিত হলে সকলে একমত পোষণ করেন। মহাপরিচালক বীজ সভায় জানান যে, জাতীয় বীজ বোর্ডের কমিটি গঠনের পর BWMRI প্রতিষ্ঠানটি প্রতিস্ঠা হয়েছে বিধায় বীজ বোর্ডে BWMRI এর প্রতিনিধি নাই। কৃষি মন্ত্রণালয়ের অধীনে BWMRI জাত নিবন্ধন ও ছাড়করণ বিষয়ে কাজ করে থাকে। তাই জাতীয় বীজ বোর্ডে প্রতিষ্ঠানটির প্রতিনিধিত্ব প্রয়োজন। এছাড়া কৃষি মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগের অতিরিক্ত সচিব-এর মতামত জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নে সহায়ক হবে মর্মে তিনি মন্তব্য করেন। তিনি মহাপরিচালক, BWMRI এবং অতিরিক্ত সচিব, গবেষনা মহোদয়কে জাতীয় বীজ বোর্ডের সদস্য হিসেবে কো-অপ্ট করার অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) BWMRI এর গমের জাতগুলোর নামকরণ WMRI এর পরিবর্তে BWMRI করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>(২) জাতীয় বীজ বোর্ডের সদস্য হিসেবে মহাপরিচালক, BWMRI এবং কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, গবেষনা মহোদয়কে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হলো। |

প্রাক্তন কৃষি সচিব জনাব আনোয়ার ফারুক সভায় জানান যে, জাতীয় বীজ বোর্ডের চেয়ারম্যান ও কৃষি সচিব জনাব মো: সায়েদুল ইসলাম-এর পিআরএল আসন্ন। জনাব মো: সায়েদুল ইসলাম তাঁর কর্মকালীন সময়ে মেধা ও দক্ষতার সাথে কার্যক্রম পরিচালনা করে দেশের কৃষি উৎপাদন বৃদ্ধিসহ কৃষি মন্ত্রণালয়ের সকল কার্যক্রমে গতিশীলতা আনয়ন করেছেন বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বিদায়ী সচিবের এবং তাঁর পরিবারের সাফল্য ও সার্বিক মঙ্গল কামনা করেন।

পরিশেষে, সভাপতি সভায় মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২০২২

**মো: সায়েদুল ইসলাম**
সচিব
কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ উইং
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ১০৮-তম সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষরের তালিকা

সভার তারিখ : ২৬ ডিসেম্বর, ২০২২
সময় : বেলা ০২.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১৭)
সভাপতি : সচিব, কৃষি মন্ত্রণালয়।

| ক্রম | নাম, পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল নং ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| ১ | মুহাম্মদ আব্দুল কাদির | 01716879227 | 26/12/22 |
| | | | |
| ২ | ড. মো: [illegible] DG, [illegible] | 01712280083 | 26/12/2022 |
| ৩ | ড. দেবাশীষ সরকার মহাপরিচালক, বারি | 02922-2983[illegible] [illegible]@gmail.com | 26.12.22 |
| ৪ | মো: মোস্তাফিজুর রহমান (অতি:) মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি | 02922333348 mdseed@badc.gov.bd | 26/12/2022 |
| ৫ | বাদল চন্দ্র বিশ্বাস পরিচালক, সরেজমিন উইং - ডিএই | 01718019605 admonitoring2dae.gov.bd | 26/12/2022 |
| ৬ | মো: আখতারুজ্জামান নির্বাহী পরিচালক | 01819724670 ak.zaman64@gmail.com | 26.12.2022 |
| ৭ | ড. সোহেলা আক্তার পরিচালক, TCRC, BARI | 01922242737 sohela_akhter@yahoo.com | 26/12/2022 |
| ৮ | ড. মির্জা মোফাজ্জল ইসলাম মহাপরিচালক, বিনা | 01716-280720 dg@bina.gov.bd | 26/12/2022 |
| ৯ | ড. মো. সলিমুল্লাহ মহাপরিচালক (অ:দা:) এনআইবি | 01738-999993 dgnibbd@gmail.com | 26/12/2022 |
| ১০ | ড. মো: আবদুস সালাম সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি | 01552398504 masalamsso@yahoo.com | 26/12/2022 |

| | | | |
|---|---|---|---|
| ১১ | ড. মো: খোকাতার হোসেন খান<br>প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় | ০১৮১৫৩৭৫২৭৭<br>cst@moa.gov.bd | [signature] |
| ১২ | ড. মো: তারিকুল ইসলাম<br>পরিচালক (গবেষণা) বীজ প্রত্যয়ন এজেন্সী | ০১৭৭৯-৩১৯১২৯ | [signature]<br>২৬/১২/২০২২ |
| ১৩ | ড. মো: আবির জিলানী চৌধুরী<br>সভাপতি, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি | ০১৫৫২-৬৫৫৩১৩<br>zilani71@gmail.com | [signature]<br>২৬/১২/২০২২ |
| ১৪ | মো. আবদুল আউয়াল<br>মহাপরিচালক, বিএডিসি, | 01713-516217<br>maawal70@gmail.com | [signature]<br>26/12/22 |
| ১৫ | ড. সৈয়দ মো: রফিকুল আমিন<br>পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং | 01731300387<br>dpqw@dae.gov.bd | [signature]<br>26/12/22 |
| ১৬ | আহমেদ শফি<br>অতি: পরিচালক (বীজ প্রত্যয়ন)<br>এসিআই, গাজীপুর | 01709454477<br>ahmedshafiswapon@gmail.com | [signature]<br>26/12/22 |
| ১৭ | মো: আনোয়ার হোসেন | 01718-068933<br>agrifarm16@gmail.com | [signature] |
| ১৮ | ড. মো: ওমর আলী<br>মহাপরিচালক<br>বাংলাদেশ চাল ও গম বোর্ড, কৃষি মন্ত্রণালয় | 01712-543720<br>omaralibrc@gmail.com | [signature] |
| ১৯ | এ. কে. এম. হুমায়ুন কবির<br>সেক্রেটারী, বীজ কমিটি, সুপ্রিম সীড কোং | 01713009598<br>KABIR@SUPROVIGROUP.COM | [signature] |
| ২০ | ড. মো: নাজমুল ইসলাম<br>প্রধান সমন্বয়কারী গবেষণা সেল, বিএডিসি | 01711446032<br>nazmulbadc@gmail.com | [signature] |
| ২১ | কৃষিবিদ মুহা: আজহারুল ইসলাম<br>বীজ বিশেষজ্ঞ ও সদস্য, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়। | ০১৭১২-৫৫৮২২১<br>azharulislam.badc@gmail.com | [signature] |
| ২২ | Md. Shahjahan Ali<br>Senior Vice President<br>Bangladesh Society of Seed Technology (BSST) | 01730013391<br>alliedmsali@yahoo.com | [signature]<br>26/12/2022 |
| ২৩ | মো: আমিনুল ইসলাম, পরিচালক<br>বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। | 01712-054248.<br>director@sca.gov.bd | [signature]<br>26/12/22 |
| ২৪ | আনোয়ার ফারুক<br>উপদেষ্টা, BSA. | 01711564572<br>anwarfaruqueba@gmail.com | [signature] |
| ২৫ | M. ANIS UD DOWLA | 01711840053 | [signature] |
| ২৬ | মোহাম্মদ এনায়েত-ই-রাব্বি | ০১৭২০৩৩১২৯৯<br>rabbidae@gmail.com | [signature] |
| ২৭ | Md Masharraf Hossain Molla<br>PSO, TCRC, BARI | 01707082252<br>mhmolla-bari@gmail.com | [signature] |

| | | | |
|---|---|---|---|
| ২৮ | ড. সাহনাজ সুলতানা<br>PSO, BRRI | 01748218332<br>shahanaz107@yahoo.com | [signature] |
| ২৯ | ড. খোন্দকার মো: ইফতেখারুদ্দৌলা<br>CSO & Head, Plant Div., BRRI | 01732761747<br>kiftekhar1969@gmail.com | [signature] |
| ৩০ | ড. মো: আবদুল কাদের<br>PSO, BRRI | 01732-442370<br>abdulkaderbrri@yahoo.com | [signature] |
| ৩১ | মুহাম্মদ নেয়ামুল নাসির<br>উপপরিচালক বিএডিসি | 01913471802<br>neamulseed@gmail.com | [signature] |
| ৩২ | মানিক চন্দ্র কর্মকার<br>সহকারী বীজতত্ত্ববিদ | 01718018710<br>mckarmoker@gmail.com | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |